অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/5/2024 **গভর্নর ক্যাথি হোকল**

ফিউচার এনার্জি ইকোনমি সামিটে গভর্নর হোকল নবায়নযোগ্য শক্তির প্রবৃদ্ধি ও অর্থনৈতিক বিকাশের সমর্থনে অগ্রসর পরিচ্ছন্ন শক্তি প্রযুক্তিকে মুখ্য ভূমিকা পালনের আহ্বান জানালেন

ডিসপ্যাচেবল নিঃসরণমুক্ত সংস্থান এবং নবায়নযোগ্য শক্তির অব্যাহত প্রয়োগের বিকাশমান চাহিদা পূরণের জন্য পরবর্তী পদক্ষেপের রূপরেখা প্রদান

নিউ ইয়র্কের জনসেবা কমিশনের 'নিঃসরণমুক্ত 2040' প্রক্রিয়া এবং স্টেটের শক্তি পরিকল্পনা বোর্ডের কাজকে সমর্থন করে

সিরাকিউজে অনুষ্ঠিত ফিউচার এনার্জি ইকোনমি সামিটে (Future Energy Economy Summit) গভর্নর ক্যাথি হোকল আজকে নবায়নযোগ্য শক্তি এবং অর্থনৈতিক বিকাশের সমর্থনে অগ্রসর পরিচ্ছন্ন শক্তি প্রযুক্তিকে মুখ্য একটি ভূমিকা পালনের জন্য আহবান জানিয়েছেন। সামিটে বিকাশমান শক্তি চাহিদার জন্য প্রয়োজনীয় পরবর্তী পদক্ষেপের এমন একই রূপরেখা প্রদান করা হয়েছে যা একটি নিঃসরণমুক্ত বিদ্যুৎ ব্যবস্থার দিকে অগ্রগতি ত্বরান্বিত করার ব্যাপারে স্টেটের প্রতিশ্রুতিকে সমর্থন করতে পারবে।

"নিউ ইয়র্ক এমন একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতি গঠন করছে যা প্রবৃদ্ধি, উদ্ভাবনকুশলতার কাজে লাগায় এবং এমন প্রযুক্তির ব্যবহার করে যা আমাদের কার্বন পদচিহ্নকে হ্রাস করবে," **গভর্নর হোকল বলেন।** "দেশের সবথেকে সফল অফশোর বায়ু শিল্পখাত তৈরি থেকে শুরু করে একটি টেকসই বিদ্যুৎ গ্রিডে আমাদের বিনিয়োগ পর্যন্ত, আমরা আমাদের জলবায়ুর সুরক্ষায় দেশের শীর্ষে থাকার জন্য প্রতিশ্রুতিবদ্ধ, এবং আমাদের সন্তানদের জন্য সম্ভাব্য সেরা ভবিষ্যৎ তৈরি করার আগ পর্যন্ত আমরা থামবো না।"

সামিটের তিনটি প্রধান ফলাফল হলো বায়ু এবং সৌরের মতো সংস্থান যেই স্বাস্থ্য, পরিবেশ সংক্রান্ত এবং অর্থনৈতিক লাভ প্রদান করে তা বাস্তবায়ন করার জন্য নিউ ইয়র্কের নবায়নযোগ্য শক্তি গ্রিড গঠনে মনোযোগ অব্যাহত রাখাকে অগ্রাধিকার প্রদান করার প্রয়োজন; স্টেটের সম্প্রসারিত অর্থনীতির জন্য একটি নির্ভরযোগ্য, স্থিতিস্থাপক এবং সাশ্রয়ী নবায়নযোগ্য গ্রিডের সমর্থনে নতুন এবং বিদ্যমান ডিসপ্যাচেবল নিঃসরণমুক্ত সংস্থানের জন্য প্রযুক্তির গবেষণা, বাজার তৈরি এবং বাণিজ্যিক প্রদর্শনের ক্ষেত্রে নতুন মনোযোগ নিয়ে আসা; এবং বাইডেন-

হ্যারিস প্রশাসন প্রদত্ত সম্ভাব্য তহবিলের সুযোগকে সনাক্ত, সদ্ব্যবহার ও এটিকে সর্বোচ্চ করা এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির কৌশলসমূহকে আরো সমর্থন করার জন্য নীতিমালার বিকাশ।

সামিটে প্রাপ্ত অন্তর্দৃষ্টি ব্যবহার করে স্টেট শিল্পখাতকে জড়িত করে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করবে:

- পরিচ্ছন্ন শক্তি মানদণ্ড (Clean Energy Standard, CES) হিসেবে পরিচিত স্টেটের ব্যাপক আকারের বড় মাত্রার নবায়নযোগ্য শক্তি কর্মসূচির জন্য জনসেবা কমিশনের (Public Service Commission) চলমান পর্যালোচনা 2025 সালের শুরুর দিকে সম্পূর্ণ করা এবং নিউ ইয়র্কের বড় মাত্রার নবায়নযোগ্য শক্তি শিল্পখাতকে ত্বরান্বিত ও সম্প্রসারিত করতে মুখ্য পদক্ষেপ অগ্রসর করা, যার মূল মনোযোগ থাকবে প্রয়োগের লক্ষ্য, আন্তঃসংযোগের সংশোধন এবং ত্বরান্বিত পরিবেশ সংক্রান্ত পর্যালোচনা এবং মুখ্য নবায়নযোগ্য শক্তি ও বৈদ্যুতিক ট্রান্সমিশন ফ্যাসিলিটির অনুমতির জন্য প্রকল্পের আন্তঃসংযোগ ও প্রয়োগের মাধ্যমে নবায়নযোগ্য পদক্ষেপ (Renewable Action through Project Interconnection and Deployment, RAPID) আইনের যথাসময়ে বাস্তবায়ন;
- অর্থনৈতিক বিকাশ এবং পরবর্তী প্রজন্মের নিঃসরণমুক্ত শক্তি প্রযুক্তির পরিকল্পনা ও প্রয়োগের জন্য সংশ্লিষ্ট তহবিলের সুযোগের জন্য আবেদন করার মাধ্যমে ফেডারেল কর্মসূচির সর্বোচ্চ ব্যবহার করা;
- মুলতবি থাকা 'নিঃসরণমুক্ত 2040 (Zero Emissions by 2040)' প্রক্রিয়ার ব্যাপারে জনসেবা কমিশনের পদক্ষেপ অগ্রসর করা যা নিউ ইয়র্কের জলবায়ু আইনের (Climate Act) মাধ্যমে প্রতিষ্ঠিত 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ ব্যবস্থার সমর্থনকারী প্রযুক্তির তদন্ত করছে।
- খসড়া অগ্রসর পারমাণবিক প্রযুক্তি নীলনকশা (Advanced Nuclear Technologies Blueprint) সম্পর্কে শিল্পখাতের মতামতের জন্য অনুরোধ করা, যা এখানে পাওয়া যাবে, এবং এই বছর শেষ হবার পূর্বে খসড়া নীলনকশা চূড়ান্ত করেছে।
- সম্প্রতি গভর্নর হোকলের সমবেত করা নিউ ইয়র্ক স্টেটের পরিকল্পনা বোর্ড (New York State Energy Planning Board) কর্তৃক তৈরি পরবর্তী স্টেটের শক্তি পরিকল্পনাটি (State Energy Plan) যাতে একটি গভীর নিঃসরণমুক্ত বৈদ্যুতিক গ্রিডে স্টেটের স্থানান্তরে এবং স্টেটের অর্থনীতিকে সম্প্রসারিত করে এমন কর্মসূচিকে কাজে লাগানোর ব্যাপারে যথাযথভাবে অগ্রসর নিঃসরণমুক্ত প্রযুক্তির ভূমিকা বিবেচনা করে তা নিশ্চিত করা।

নবায়নযোগ্য শক্তির প্রয়োগকে ত্বরান্বিত করার কৌশল খুঁজতে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিকে সমর্থন করার জন্য প্রয়োজনীয় পরবর্তী প্রজন্মের নিঃসরণমুক্ত প্রযুক্তির ভূমিকা অধ্যয়ন করতে এবং একটি গভীর ডিকার্বোনাইজড শক্তি গ্রিডের ক্ষেত্রে জলবায়ু আইনের লক্ষ্য অর্জন করতে গভর্নর হোকলের নির্দেশে সশরীরে এবং ভার্চুয়ালি 600 এর বেশি মানুষের অংশগ্রহণ করা এই সামিটকে সমবেত করা হয়। গভর্নর নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) বোর্ডের প্রধান রিচার্ড কফম্যানকে সামিটের প্রধান হিসেবে দায়িত্ব পালন করার জন্য নিয়োগ প্রদান করেছেন এবং এখানে NYSERDA, জনসেবা বিভাগ (Department of Public Service, DPS), এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD), নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA), পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of

Environmental Conservation, DEC), স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH), স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES) এবং শ্রম বিভাগের (Department of Labor, DOL) নেতৃবৃন্দ ও কর্মীরা অবদান রাখবে।

NYSERDA বোর্ডের প্রধান রিচার্ড কফম্যান বলেন, "স্টেটে চাকরি, ব্যবসা ও শিল্পখাতের প্রবৃদ্ধি নিয়ে আসবে এমন একটি পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরের প্রতি স্টেটের প্রতিশ্রুতিকে সমর্থন করার জন্য সামিটে নিজেদের অন্তর্দৃষ্টি প্রদান করা শিল্পখাতের নেতৃবৃন্দ ও অভিজ্ঞদের প্রতি আমি কৃতজ্ঞ। এই মতামতকে আমরা বিবেচনা করবো এবং এইসব মুখ্য পদক্ষেপের নির্দেশনা অনুযায়ী অগ্রসর হবো, এবং আমরা একটি নিঃসরণমুক্ত গ্রিড অর্জনের জন্য প্রয়োজনীয় সংস্থানের অগ্রসরকে ত্বরান্বিত অর্থে অন্যান্য স্টেটের জন্য একটি উদাহরণ হয়ে থাকার প্রতি প্রতিশ্রুতিবদ্ধ আছি।"

NYSERDA এর প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম হ্যারিস বলেন, "বৈচিত্র্যময় ব্যাকগ্রাউন্ড ও অভিজ্ঞতার দক্ষ ব্যক্তিদের এই গোষ্ঠীকে যথাসময়ে সমবেত করার ফলে নিউ ইয়র্কের সদা বিকাশমান পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিকে সমর্থন করতে পারে এমন আশাপ্রদ পরবর্তী প্রজন্মের প্রযুক্তি সম্পর্কে আলোচনা ও অনুসন্ধান করার একটি সুযোগ তৈরি হয়েছে। পরবর্তী এই ধাপগুলি আমরা ফেডারেল পর্যায়ে যেই বিনিয়োগ ও অগ্রাধিকার দেখছি তার সাথে মানানসই যা আমাদের অগ্রগতি অব্যাহত রাখার জন্য ভবিষ্যতের তহবিলের সুযোগকে সফলভাবে কাজে লাগানোর জন্য এইসব পরবর্তী ধাপ ও কৌশলকে গুরুত্বপূর্ণ করে।"

এই কাজটি মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি বিভাগের (US Department of Energy) "লিফ্টঅফ" প্রতিবেদনের অনুবর্তী, যা একাধিক নিঃসরণমুক্ত শক্তি প্রযুক্তির বাণিজ্যিকীকরণ করার প্রয়োজনীয়তা ও প্রয়োজনীয় পথ সম্পর্কে বিস্তারিত প্রদান করে। এছাড়াও সামিট মে মাসে অনুষ্ঠিত সাম্প্রতিক হোয়াইট হাউজ অভ্যন্তরীণ পারমাণবিক প্রয়োগ সামিট (White House Summit on Domestic Nuclear Deployment) নিয়ে কথা বলে যেখানে বিদ্যমান পারমাণবিক ফ্যাসিলিটির ব্যবহার বহাল রাখা, নতুন পারমাণবিক প্রযুক্তির প্রয়োগ করা, দায়িত্বশীলভাবে নতুন রিয়েক্টরের সাইট খোঁজার প্রক্রিয়া সরলীকৃত করা, এবং বলীয়ান সরবরাহ চেইন এবং কর্মশক্তি গঠন করার ব্যাপারে সরকারি ও বেসরকারি খাতের অগ্রগতির উপর আলোকপাত করা হয়েছিলো।

পাশাপাশি, NYSERDA এবং DPS এর কমিশন করা প্রযুক্তি এবং অর্থনৈতিক স্টাডিসমূহ একটি ডিকার্বোনাইজড অর্থনীতিতে ভূমিকা রাখতে পারে এমন বিবিধ প্রজন্মের প্রযুক্তি বিশ্লেষণ করার জন্য ভবিষ্যৎ প্রজন্মের শক্তি বিকাশের জন্য স্টেটের বিবেচনাকে অবগত করবে ও এর সম্পূরক হবে। দীর্ঘমেয়াদি শক্তি স্টোরেজ প্রযুক্তি থেকে শুরু করে গ্রিড গঠনকারী ইনভার্টার এবং ক্ষুদ্র মডুলার পারমাণবিক রিয়েক্টর পর্যন্ত এই প্রযুক্তি বিকল্পসমূহের ব্যাপ্তি রয়েছে।

নিউ ইয়র্ক স্টেট জনসেবা বিভাগের প্রধান নির্বাহী কর্মকর্তা রোরি এম ক্রিস্টিয়ান বলেন, "গভর্নর হোকলের সমবেত করা এই সামিটের উদ্দেশ্য ছিলো পরিচ্ছন্ন শক্তি এবং অর্থনৈতিক বিকাশের উপর অতি গুরুত্বপূর্ণ মনোযোগ প্রদান করা। পরবর্তী প্রজন্মের প্রযুক্তির প্রয়োগের

জন্য এবং নিউ ইয়র্ক স্টেটে নবায়নযোগ্য শক্তিকে আরো সম্প্রসারিত করার জন্য অন্যান্য এজেন্সি এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে অংশীদারিত্ব করতে বিভাগটি উন্মুখ।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "নিউ ইয়র্ক নবায়নযোগ্য শক্তির সম্প্রসারিত ব্যবহারের প্রচার করছে, তাই ব্যবসাসমূহ যে সমস্যার সম্মুখীন হচ্ছে এবং বিকাশমান শক্তি চাহিদার সমাধানে গভর্নর হোকলের প্রশাসন কাজ করছে। সরকারি ও বেসরকারি স্টেকহোল্ডারদের অন্তর্ভুক্ত করতে এই সামিট আয়োজন করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট এর সাফল্যের মূল্যায়ন আরো ভালোভাবে করতে পারবে এবং আমরা যাতে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধিকে সমর্থন করে আমাদের লক্ষ্য অর্জন করি তা নিশ্চিত করতে কৌশলী বিনিয়োগ করতে পারবো।"

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই ড্রিস্কল বলেন, "ফিউচার এনার্জি ইকোনমি সামিট একটি কার্বনমুক্ত নিউ ইয়র্ক স্টেট অর্জন করার জন্য পরিচ্ছন্ন শক্তি উৎপাদনের প্রয়োগ নিয়ে অনুসন্ধান অর্থে ও আলোচনা করতে বৈশ্বিক নেতৃবৃন্দের জন্য একটি প্ল্যাটফর্ম প্রদান করে। স্টেটের প্রয়াস বলীয়ান করার একটি প্রতিশ্রুতি দ্বারা চালিত হয়ে NYPA বড় মাত্রায় নবায়নযোগ্য শক্তির উৎপাদনকে অগ্রসর করছে এবং এমন নতুন প্রযুক্তি প্রয়োগে নিজেদের দক্ষতাকে কাজে লাগাচ্ছে যা নিউ ইয়র্কের গ্রিডের স্থিতিস্থাপকতাকে বলীয়ান করবে এবং একই সাথে স্টেটের কার্বন পদচিহ্নকে হ্রাস করবে।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের অন্তর্বর্তীকালীন কমিশনার শন মাহার বলেন, "জলবায়ু পরিবর্তনকারী গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস, পরিচ্ছন্ন শক্তির উৎস বৃদ্ধি করা, এবং আমাদের পরিবর্তনশীল জলবায়ু দ্বারা সবথেকে বেশি আক্রান্ত সম্প্রদায়সমূহে বিনিয়োগের মাধ্যমে জলবায়ু সমতা অগ্রসর করার আমাদের উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্যসমূহ অর্জনে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেট নীতিমালা, কর্মসূচি, এবং বিনিয়োগের একটি সার্বিক সংগ্রহকে বাস্তবায়ন করছে। আজকে, নিউ ইয়র্কের বিকাশমান শক্তির চাহিদা পূরণ করার একটি পথের নকশা করা এবং একই সাথে নিঃসরণমুক্ত বিদ্যুৎ ব্যবস্থা অর্জনে আমাদের কাজ অব্যাহত রাখার মাধ্যমে সেই কাজকে বলীয়ান করতে গভর্নর হোকল, স্টেটের শক্তির নেতৃবৃন্দ, এবং পুরো দেশের সরকারি ও বেসরকারি খাতের দক্ষ ব্যক্তিরা দেখা করছেন।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "জনস্বাস্থ্যের উপর জলবায়ু পরিবর্তন এবং চরম আবহাওয়ার প্রভাবের সাথে অভিযোজন ও এর জন্য পরিকল্পনা করা স্বাস্থ্য বিভাগের একটি অগ্রাধিকার। সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যকে সুরক্ষিত রাখতে সাহায্য করবে এমনভাবে নবায়নযোগ্য শক্তির ব্যবহার সম্পর্কে শিল্পখাতের নেতৃবৃন্দ ও স্টেকহোল্ডারদের কথা শোনার জন্য আমরা উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "নবায়নযোগ্য শক্তি খাতে আমাদের নেতৃত্বকে অগ্রসর করার জন্য এই উদ্ভাবনী সামিটের গতিবেগকে কাজে লাগানোর জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি। এছাড়াও, নিউ ইয়র্ক স্টেটের সবুজ অর্থনীতিকে সমর্থন করার জন্য কৌশলগতভাবে ক্যারিয়ার এবং প্রশিক্ষণ সুযোগের বিকাশকে

আমরা যাতে অব্যাহত রাখতে পারি তার জন্য বহু দক্ষ ব্যক্তি ও স্টেকহোল্ডারগণ আমাদেরকে যেই জ্ঞান ও অন্তর্দৃষ্টি প্রদান করেছেন তার জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ককে জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরশীলতা হ্রাসের একটি পথে স্থাপন করতে শক্তি স্থিতিস্থাপকতা, নির্ভরযোগ্যতা, এবং ক্রয়সাধ্যতাকে বলীয়ান করার জন্য স্টেট একাধিক পদক্ষেপ গ্রহণ করেছে। এইসব সাম্প্রতিক পদক্ষেপসমূহের মধ্যে কয়েকটি হলো 2030 সালের মধ্যে 6 গিগাওয়াট (gigawatts, GW) শক্তি স্টোরেজ অর্জন করার জন্য শক্তি স্টোরেজ কর্মসূচির অনুমোদন, একটি স্টেটব্যাপী সকলের জন্য সৌর (Statewide Solar for All) কর্মসূচির সূচনা, একটি ভবিষ্যতের গ্রিড (Grid of the Future) প্রক্রিয়ার সূচনা যার উদ্দেশ্য হবে গ্রিড স্থিতিস্থাপকতা বৃদ্ধি করতে নমনীয় সংস্থানের অভীষ্ট বিকাশ, এবং নবায়নযোগ্য শক্তি প্রযুক্তির অব্যাহত বিকাশ, যেমন সম্প্রতি সাউথ ফর্ক উইন্ড (South Fork Wind) অফশোর বায়ু ফার্মের কাজ শেষ হওয়া, এম্পায়ার উইন্ড 1 (Empire Wind 1) এর নির্মাণকাজ শুরু হওয়া এবং সানরাইজ উইন্ডের (Sunrise Wind) নির্মাণকাজ শুরু হওয়া।

নিউ ইয়র্কের কনজার্ভেশন ভোটার্স লীগের (New York League of Conservation Voters) প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন, "আমার সম্পূর্ণ অর্থনীতিকে জীবাশ্ম জ্বালানিতে চালিত হওয়া থেকে পরিচ্ছন্ন শক্তিতে চালিত হওয়া অর্থনীতিতে রূপান্তরিত করা আমাদের সময়ের একটি বড় চ্যালেঞ্জ এবং এর জন্য সকলেই অংশগ্রহণ করবে এমন একটি পন্থা প্রয়োজন। জলবায়ু পরিবর্তনের সবথেকে মন্দ প্রভাব এড়াতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যৎ নিশ্চিত করতে প্রযুক্তি থেকে শুরু করে প্রবিধান ও বিনিয়োগ পর্যন্ত কী প্রয়োজন তা স্থির করতে শিল্পখাতের নেতৃবৃন্দ, নীতিমালার ব্যাপারে দক্ষ ব্যক্তি, এবং সিদ্ধান্ত গ্রহণকারীদের একত্রে জোটবদ্ধ হবার একটি স্থান তৈরি করার জন্য আমরা গভর্নর হোকলের প্রশংসা করছি।"

নিউ ইয়র্কের ক্লিন এনার্জি অ্যালায়েন্সের (Alliance for Clean Energy) নির্বাহী পরিচালক মার্গারিট বলেন, "আমাদের স্টেটের জলবায়ু আইনের 2030 এবং 2040 সালের ডেডলাইনগুলি দ্রুতই আসন্ন, এবং নিউ ইয়র্ক যাতে শতভাগ নিঃসরণমুক্ত শক্তি অর্জনের পথে থাকে তা নিশ্চিত করতে গভর্নর হোকলের অগ্রসর চিন্তার জন্য আমরা তার প্রশংসা করছি। বিদ্যমান এবং নতুন প্রযুক্তিতে উদ্ভাবন আমাদের ভবিষ্যতের জন্য মুখ্য হবে, এবং আরেকবার এই খাতের শীর্ষে থাকার জন্য নিউ ইয়র্ক তৈরি আছে।"

নিউ ইয়র্ক স্টেটের বিল্ডিং ট্রেডসের (New York State Building Trades) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "আমাদের নবায়নযোগ্য শক্তি কর্মসূচিকে পরবর্তী পর্যায়ে নিতে এবং অর্থনৈতিক সুযোগ এবং এটি পরিবার টিকিয়ে রাখার ইউনিয়ন ক্যারিয়ার তৈরিকে আরো উন্মোচন করার জন্য আমাদের প্রয়োজনীয় সরঞ্জাম সনাক্ত করার ব্যাপারে আজকের ফিউচার এনার্জি ইকোনমি সামিটটি অনেক সাহায্য করবে। আমাদের মানদণ্ড নির্ধারণ করা পরিচ্ছন্ন শক্তি লক্ষ্যের দিকে আমাদেরকে নিয়ে যাবে এবং মধ্যবিত্ত শ্রেণীতে পৌঁছানোর সম্ভব পথ তৈরি করবে এমন সবুজ অবকাঠামো প্রকল্প সম্ভব করা আমরা অব্যাহত রাখছি, তাই এইসব উদ্যোগ প্রয়োগ করার জন্য নতুন ও কার্যকর পন্থার অনুসন্ধান অব্যাহত রাখা আমাদের জন্য গুরুত্বপূর্ণ। এইসব গুরুত্বপূর্ণ আলোচনার মঞ্চ তৈরির জন্য আমরা গভর্নর হোকল এবং NYSERDA এর

প্রশংসা করছি এবং পরিশেষে আমাদের পরিবেশকে উন্নত করবে এবং আগামী বহু প্রজন্মের জন্য নিউ ইয়র্কবাসীর জীবনকে উন্নত করবে এমন পরবর্তী এই ধাপসমূহ বাস্তবায়ন করার ব্যাপারে একটি ভূমিকা পালন করতে আমরা উন্মুখ।"

নিউ ইয়র্কের ইন্ডিপেন্ডেন্ট পাওয়ার প্রোডিউসেসের (Independent Power Producers of New York, IPPNY) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, "স্টেটের পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতের দিকনির্দেশনা প্রদান করবে এমন পরবর্তী প্রজন্মের প্রযুক্তির ভূমিকা সম্পর্কে আরো অনুসন্ধান করতে গুরুত্বপূর্ণ এই ইভেন্টের আয়োজন করার জন্য IPPNY গভর্নরের প্রশংসা করছে। নিউ ইয়র্কের উৎপাদনকারীরা সর্বদা একটি পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরকে সমর্থন করেছে, এবং সুযোগ উপলভ্য হওয়ার সাথে সাথে নতুন সংস্থানে বিনিয়োগ করার জন্য আমাদের সদস্যরা প্রস্তুত আছে।"

ইউনাইটেড জার্নিমেন অ্যাসোসিয়েশন এবং ইউনাইটেড স্টেটস প্লাম্বিং ও পাইপফিটিং ইন্ডাস্ট্রি অ্যাপ্রেন্টিসেস (United Association of Journeymen & Apprentices of the Plumbing and Pipefitting Industry of the United States) এবং কানাডা ইন্টারন্যাশনালের (Canada International Representative) প্রতিনিধি জন মারফি বলেন, "নিউ ইয়র্ক এমন একটি অতি জরুরি মুহূর্তে দাঁড়িয়ে আছে যখন আমাদের স্টেটের শক্তি এবং চাকরি উভয় খাতের প্রয়োজন পূরণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা বাধ্যতামূলক হয়ে গেছে। জনসেবা কমিশন নতুন পারমাণবিক, পরিচ্ছন্ন হাইড্রোজেন, এবং থার্মাল শক্তির নেটওয়ার্ককে নবায়নযোগ্য শক্তি পরিবারের অংশ হিসেবে বিবেচনা করছে, তাই একটি পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতের জন্য প্রয়োজনীয় অবকাঠামো গঠন করার জন্য আমরা কয়েক বিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল উন্মোচন করতে পারবো। এই প্রকল্পগুলি যাতে আগামী বহু প্রজন্মের জন্য ভালো চাকরি ও নির্ভরযোগ্য শক্তি প্রদান করতে পারে তা নিশ্চিত করতে দক্ষ কর্মীরা প্রস্তুত আছে, এবং গভর্নর হোকলের নেতৃত্বের কারণে আমরা বাস্তব অগ্রগতি করার জন্য এই সুযোগকে কাজের লাগাতে পারবো।"

নিউ ইয়র্ক সিটি পার্টনারশিপের (Partnership for New York City) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ক্যাথরিন ওয়াইল্ড বলেন, "নিউ ইয়র্ক কীভাবে একটি নিঃসরণমুক্ত অর্থনীতি অর্জন করতে পারবে তা নির্ণয় করার জন্য সরকারি ও বেসরকারি খাতের দক্ষ ব্যক্তিদের জড়িত করার ব্যাপারে গভর্নরের কৌশলটি বুদ্ধিমান কৌশল এবং এটি নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্ক সফলভাবে এই স্থানান্তর করতে পারে।

নাসাউ ও সাফোক কাউন্টির ভবন ও নির্মাণ বাণিজ্য পরিষদের (Building and Construction Trades Council of Nassau and Suffolk Counties) প্রেসিডেন্ট ম্যাথু আরাচিচ বলেন, "নিউ ইয়র্ক স্টেটের গভর্নর ক্যাথি হোকল এমন একটি যাত্রায় পদার্পণ করেছেন যা আমাদেরকে একটি নিঃসরণমুক্ত পদচিহ্ন অর্জনের প্রয়াসের পথে স্থাপন করে। একটি টেকসই অর্থনীতি তৈরি করা এবং আমাদের কাছে থাকা সবথেকে বুদ্ধিমান মেধার ক্ষমতায়ন করার দ্রুততম এবং সর্বাধিক কার্যকর উপায় হলো সবথেকে নতুন সবুজ প্রযুক্তিকে বরণ করে নেওয়া। এই খাতে গভর্নরের নেতৃত্বের কারণে আমরা আত্মবিশ্বাসী যে এইসব নতুন

প্রযুক্তির বাণিজ্যিকীকরণের ফলে আমরা একত্রে ভালো, পরিবার টিকিয়ে রাখার মতো ইউনিয়ন ক্যারিয়ার এখানে, লং আইল্যান্ডে এবং পুরো স্টেটে তৈরি করতে পারবো।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে একটি নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন, এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো ক্লিন এনার্জিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 61টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 28 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের ক্লিন এনার্জি খাতে 170,000 এরও বেশি চাকরি এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 400টির বেশি নিবন্ধিত ও 130টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটিকে নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন